

বেরোবিতে ইউজিসির নির্দেশনা উপেক্ষা করে পরীক্ষা নিয়ন্ত্রক নিয়োগ

বেরোবি প্রতিনিধি

১৩ জানুয়ারি,
২০২৫ ১৭:৫৭

শেয়ার

অ +

অ -



মো. তানজিউল ইসলামকে (জীবন)। ছবি : সংগৃহীত

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) নির্দেশনা উপেক্ষা করে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক পদে নিয়োগ দেওয়া হয়েছে।

রবিবার (১২ জানুয়ারি) বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যায়, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. তানজিউল ইসলামকে (জীবন) ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, নতুন উপাচার্য দায়িত্ব গ্রহণের পরই ড. তানজিউল ইসলামকে ক্যাফেটেরিয়ার পরিচালক করা হয়েছিল। এরপর ক্যাফেটেরিয়ার পরিচালক থেকে তাকে ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে নিয়োগ দেওয়ায় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র অধ্যাপকদের একাংশ ক্ষোভ প্রকাশ করেছেন।

নাম প্রকাশে অনিচ্ছুক এক অধ্যাপক বলেন, ‘বিশ্ববিদ্যালয়ে এ ধরনের গুরুত্বপূর্ণ পদে সাধারণত অধ্যাপক পদমর্যাদার কাউকে নিয়োগ দেওয়ার রীতি রয়েছে। ইউজিসির নির্দেশনা অনুযায়ী, এসব পদে পূর্ণকালীন যোগ্য ও অভিজ্ঞ ব্যক্তিকে নিয়োগ দিতে হয়। কিন্তু একজন সহযোগী অধ্যাপককে এই পদে দায়িত্ব দেওয়া হয়েছে, যা অনভিপ্রেত।’

তিনি আরো বলেন, ‘বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ৩০ জনের বেশি অধ্যাপক রয়েছেন।

এমন পরিস্থিতিতে একজন সহযোগী অধ্যাপককে এই পদে নিয়োগ দেওয়া কোনোভাবেই যৌক্তিক নয়।’

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী বলেন, ‘বিশ্ববিদ্যালয়ে জনবল সংকট রয়েছে। এ কারণে আপাতত ড. তানজিউল ইসলামকে দায়িত্ব দেওয়া হয়েছে। শিগগিরই বিজ্ঞপ্তি দিয়ে পূর্ণকালীন নিয়োগ দেওয়া হবে।

,

ইউজিসির সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বলেন, ‘এ বিষয়ে আমি কিছু শুনিনি। তবে যদি নিয়মের ব্যত্যয় ঘটে, ইউজিসি অবশ্যই প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। বিষয়টি আরো ভালোভাবে জানার জন্য প্রফেসর ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খানের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।’

